

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ১৯ জুলাই, ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক-প্রশাসন এবং এসআর

বিষয় : পরিত্র ঈদুল আযহা ২০২০ সময়ে কর্মসূলে অবস্থান, বেতন ও উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

ঈদুল আযহার আগাম শুভেচছা রইল।

সম্পত্তি করোনা ভাইরাসের সংক্রমণের বিস্তার দিন দিন বৃদ্ধি পাওয়ায় আসন্ন পরিত্র ঈদুল আযহার সময় উক্ত সংক্রমণের বিস্তার রোধে ঈদের ছুটিতে আবশ্যিকভাবে কর্মসূলে অবস্থানের জন্য সরকারের জন প্রশাসন মন্ত্রণালয় হতে ১৩ জুলাই ২০২০ তারিখে প্রজ্ঞাপন (নম্বর- ০৫০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৫৯) এ নির্দেশনা প্রদান করা হয়। সরকারি নির্দেশনা অনুযায়ী নিজ নিজ কর্মসূলে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. ঝুদ্রঝণ কর্মসূচীতে ২ আগস্ট হতে ৬ আগস্ট, ২০২০ ঈদুল আযহার জন্য সকল সমিতির মিটিং ও ঋণ বিতরন কার্যক্রম বন্ধ ঘোষনা করা হলো। তবে সকল কর্মীকে তার কর্মসূলে উপস্থিত থাকতে হবে।

২. দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত প্রকল্পে কর্মরত কর্মীদের জন্য ৩১ জুলাই হতে ২ আগস্ট, ২০২০ পর্যন্ত নিজ নিজ কর্মসূলে উপস্থিত থাকার জন্য বলা হলো।

৩. ৩০ জুলাই, ২০২০ তারিখে সংস্থার সকল অফিসের সকল অর্থ ব্যাংকে জমা দিতে হবে, কোন অর্থ হাতে রাখা যাবে না। যদি কারো হাতে টাকা ছিল প্রমাণিত হয়, তাহলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. ডেনার প্রকল্পে কর্মরত, প্রধান কার্যালয়, সিএফএমটিসি ও সিএক্সএমটিসি কর্মরত কর্মীদের ৩ আগস্ট রোজ সোমবার হতে অফিস যথার্থীত শুরু হবে এবং ঝুদ্রঝণ কর্মসূচীতে কর্মরত কর্মীগণ ৯ আগস্ট ২০২০ তারিখ রোজ রবিবার হতে সমিতির মিটিং ও কিন্তু আদায় শুরু করবেন।

৫. সকল প্রকল্প ও শাখা অফিসের ল্যাপটপ, বাইসাইকেল এবং মটর সাইকেল ব্যবহারকারী তার নিজ দায়িত্বে রেখে সংরক্ষণ করবেন।

৬. সকল ই-মেইল ব্যবহারকারীগণ প্রতিদিন অন্ততঃ ২ বার করে মেইল চেক করবেন।

৭. উৎসবভাতা ও বেতন প্রদানের বিবরণ :

ক. উৎসবভাতা প্রদানের ক্ষেত্রে সকল নিয়মিত মুসলমান কর্মীকে ১টি বেসিকের সমান উৎসব ভাতা প্রদান করতে হবে। শিক্ষাগবীশ কর্মীদের ক্ষেত্রে বেসিককে ১৪০ দ্বারা ভাগ করে যে কয়দিন কাজ করেছেন সে কয়দিন দ্বারা শুন করে উৎসব ভাতা প্রদান করতে হবে, শেষ কর্মদিবস তারিখ হবে ৩১ জুলাই, ২০২০ ধরতে হবে। যাদের বেতন এবেসিক নেই তাঁদের মোট বেতনকে অর্ধেক করে উৎসব ভাতা প্রদান করতে হবে।

খ. যে সব প্রকল্পের বাজেটে উৎসব বোনাস অন্তর্ভুক্ত নেই তাদের বেলায় বোনাস প্রযোজ্য হবে না। জুলাই মাসের বেতন ৫০% আগামী ২৯ জুলাই ২০২০ তারিখে প্রদান করার জন্য বলা হলো। অবশ্যিক জুলাই মাসের ৫০% বেতন আগামী ৪ আগস্ট ২০২০ তারিখে প্রদান করা হবে।

গ. ঝুদ্রঝণ কর্মসূচীতে কর্মরত সকল কর্মীদের বেতন ৫০% বেতন এবং সকল মুসলিম কর্মীদের উৎসব ভাতা আগামী ২০ জুলাই, ২০২০ তারিখে প্রদান করার জন্য বলা হলো এবং বার্ষিক ৫০% বেতন ঈদুল আযহার পর ৪ আগস্ট ২০২০ তারিখে অফিস খুললে দেয়া হবে, এখানে উল্লেখ যে, যাদের পিএফ লোন আছে তাদের লোনের কিন্তুর টাকা বেতনের পরের অংশ থেকে কর্তন করার জন্য অনুরোধ করা হলো।

ঘ. উপ- নির্বাহী পরিচালকের জারিকৃত ২৪ জুন, ২০২০ তারিখের সার্কুলার অনুযায়ী কোর কর্মসূচীর কর্মীগণ ১ (এক) দিন এবং প্রকল্প অফিসে কর্মরত কর্মীগণ ২ (দুই) দিনের বেতন Willing Contribution হিসেবে কোস্ট কোভিড রেসপন্স ফাডে জমা দেবেন।

উপরোক্ত সার্কুলারে কোন অস্পষ্টতা থাকলে নিম্নস্বাক্ষরকারী বরাবর যে কোন মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদাত্তে

 ' ১৭.০৭.২০

মোকাবে কামাল আকন্দ

অনুলিপি : নির্বাহী পরিচালক

উপ-নির্বাহী পরিচালক / পরিচালক

সকল উপ পরিচালক / সহকারি পরিচালক

অফিস কপি